

বিশ্ববিদ্যালয়ে অপ্রয়োজনীয় বিভাগ খোলা উচিত নয় -ইউজিসি

নিজস্ব প্রতিবেদক

১৯ সেপ্টেম্বর ২০২৩, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক
আমাদেশময়

বিশ্ববিদ্যালয়ে অপ্রয়োজনীয় বিভাগ খোলা থেকে বেরিয়ে আসার তাগিদ দিয়ে ইউজিসির চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেছেন, কোনো কোনো বিশ্ববিদ্যালয় নতুন বিভাগ খোলার পর শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে না। বিভাগ খোলার জন্য প্রয়োজনীয় অবকাঠামো, ল্যাব সুবিধা ও জনবল আছে কিনার্ম এসব বিষয় বিবেচনা করতে হবে। একই সঙ্গে বিভাগ খোলার জন্য প্রয়োজনীয় সমীক্ষা পরিচালনা করতে হবে।

গতকাল ইউজিসিতে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় ম্যাজুরি কমিশন) ২০২৩-২৪ অর্থবছরের শুরুর কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে অংশীজনের সঙ্গে এক সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

অনুষ্ঠানে ইউজিসির সচিব ড. ফেরদৌস জামান বলেন, কমিশনের অর্জন অর্থপূর্ণ করতে অংশীজনদের কাছ থেকে যৌক্তিক পরামর্শ গ্রহণ করা হয়। গুণগত শিক্ষা ও গবেষণা নিশ্চিত করতে ইউজিসির প্রচেষ্টা অব্যাহত থাকবে।

সভায় ইউজিসি, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তা, গণমাধ্যম প্রতিনিধি এবং উচ্চশিক্ষা সেবাগ্রহীতারা অংশ নেন।